# ৫ম উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জয়নাল আবেদীন
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ।

সময় : বেলা ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতএব আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৭১০৮ হেঃ নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত ১৬৪২৭ হেঃ আবাদ হয়েছে। আবাদ চলমান রয়েছে। পানির অভাবে আমন আবাদ কিছুটা বিলম্ব হচ্ছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্থ ৫০০ জন কৃষকের মাঝে প্রণোদনা হিসেবে বীজ ও সার দেওয়া হয়েছে। রবি মৌসুমে ৫০০ জন কৃষকের মাঝে সবজির বীজ ও সারের প্রণোদনা দেওয়া হবে মর্মে সভায় জানান। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত ও সঠিক ক্ষতিগ্রস্থ কৃষকরা যাতে প্রণোদনা পায় উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ জানান, পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ১৫টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ৮টির কাজ চলমান । গড় অগ্রগতি ৮৭%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ২৭টি ১০০% সমাপ্ত। আরও ৯টি বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মান কাজ চলমান । গড় অগ্রগতি ৮৮.৯০%। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্র:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান। ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৪০%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় এম.পি মহোদয়ের সুপারিশকৃত ৮টি রাস্তা উন্নয়ন কাজ সমাপ্ত, ৪টি রাস্তার কাজ চলমান। ৮টির অগ্রগতি ১০০%। চলমান ৪টি কাজের গড় অগ্রগতি ৮৫%। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৩টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মানসহ ১টি | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখতে উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.২০%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৮০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৫০%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত । ১টি রাস্তার পুনর্বাসন কাজ চলমান। গড় অগ্রগতি ১০০%। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় ৫০টি নতুন প্রকল্প প্রস্তাব ডিপিপিভুক্ত হয়েছে। তন্মধ্যে ০৮টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। ২টির কাজ অসমাপ্ত। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প : মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ কার্যাদেশ প্রাপ্ত হয়ে কাজ শুরু হয়েছে। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুন:নির্মানের দরপত্র আহবানক্রমে ঠিকাদার নির্বাচিত হয়ে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ২০%।<br>তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপির প্রকল্প তালিকা সকল ইউনিয়ন চেয়ারম্যানরা দাখিলের অনুরোধ করেন। এছাড়া বন্যায় আদমপুর ইউনিয়নসহ ক্ষতিগ্রস্থ অন্যান্য ইউনিয়নের রাস্তাগুলো মেরামতের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে। বরাদ্দ আসলে রাস্তা মেরামত করা হবে মর্মে সভায় জানান। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি উন্নয়ন কার্যক্রম, সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় কার্যক্রম নিয়মিত তদারকি, আকস্মিক দূর্যোগে সহায়তা অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগস্ট/২০২৪খ্রিঃ মাসের পারফর্মেন্স: | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আলোচ্য বিষয়গুলো সুন্দর ও | উপজেলা স্বাস্থ্য ও পরিবার |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিভাগ | ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৪৭ জন।<br>খ) মোট ভর্তিকৃত গর্ভবতীর সংখ্যা----------------- ৫৭ জন।<br>ঘ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৭৬৩ জন।<br>ঙ) বহি:বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা----------- ২৪৪৪ জন।<br>চ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ৪০৪ জন।<br>ছ) ই.পি.আই কভারেজ আগস্ট/২৪ খ্রিঃ মাসে ৮%। এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। | সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৯ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১৫ জন, ইমপ্লান্ট= ৫২ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৪৭ জন, ইনজেকটেবলস= ৫২ জন, কনডম= ৭৯ জন, সাধারন রোগি= ১২৬৪ জন। সিএআর- ৭১.৮৪%। তিনি আরও বলেন, রহিমপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে জরুরি মেরামতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। রহিমপুর ও আলীনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে ভূমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি এবং সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, আলীনগর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং শমশেরণগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে আইপিএস সরবরাহ করা প্রয়োজন মর্মে সভায় জানান। তিনি আরও বলেন, খাবার বড়ি ও কনডম বর্তমানে মজুদ নেই বিধায় আমাদের মাঠ পর্যায়ের কর্মীরা তা সাপ্লাই করতে পারতেছে না। এ বিষয়ে সেবাগ্রহীতা কোন অভিযোগ করলে ইউনিয়ন চেয়ারম্যানসহ স্থানীয় জনপ্রতিনিধিরা বিষয়টি সেবাগ্রহীতাদের অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়া নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা পেতে আইপিএস প্রয়োজন মর্মে সভায় জানান। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে এবং স্বাস্থ্যকেন্দ্রের ভূমি যাতে বেদখল না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে। প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আগস্ট/২০২৪ ইং মাস পর্যন্ত মোট= ২,৮০,৬০,০০০/= ( দুই কোটি আশি লক্ষ ষাট হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ মাসে আদায়যোগ্য ১২৬২০০/-টাকা ও আদায়কৃত ৮১০০০/-টাকা, চলমান আদায়ের হার ৮৪.১৮%। কিস্তি খেলাপী আদায় ০ টাকা। ঋণ খেলাপী আদায় ২২০০/- টাকা । ক্রমপুঞ্জিত আদায়কৃত ২৪০২৯৯২৭/-টাকা । আদায়ের হার ৯১.৩৮%। চলতি অর্থ বছরে, হাঁসমুরগী পালন ,গরু মোটাতাজা করণ বিষয়ে ৪২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । | ঋণ কার্যক্রম ও যুব প্রশিক্ষণ গ্রহণ করে যুবক/যুবতিরা স্বাবলম্বি হচ্ছে কিনা এবং বাস্তবে প্রশিক্ষণ কাজে লাগাচ্ছে কিনা সে বিষয়ে তদারকি নিশ্চিত করে সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আগস্ট/২৪ খ্রি: মাসে ও.এম.এস: কমলগঞ্জ পৌরসভায় ০২টি দোকানে নিম্ন আয়ের মানুষের মাঝে ৫ কেজি চাল (প্রতি কেজি ৩০/- টাকা দরে) এবং ৫ কেজি আটা (প্রতি কেজি ২৪/- টাকা দরে) বিক্রয় কার্যক্রম চলমান। এছাড়া টিসিবির কার্যক্রমে চাল বিক্রয় চলমান। সংগ্রহ : ৪৪/- টাকা দরে সিদ্ধ চাল এবং ৪৩/- টাকা দরে আতপ চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং ওএমএস কার্যক্রম শৃংখলাভাবে সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রমের সাথে সাথে পড়াশোনার ঘাটতি পূরনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, বিদ্যালয়গুলোর মূল্যায়ন পরীক্ষা সম্পন্ন হয়েছে। আগামী ৩০ শে অক্টোবর ফলাফল প্রকাশিত হবে। এছাড়া গত বন্যায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয়কেন্দ্র স্থাপন ও সকলের সহযোগিতায় বন্যা মোকাবেলা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে চালানো হয় সে বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও শিক্ষকদের যথোপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা ও | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিভাগ | ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৪৭ জন।<br>খ) মোট ভর্তিকৃত গর্ভবতীর সংখ্যা----------------- ৫৭ জন।<br>ঘ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা---------- ৭৬৩ জন।<br>ঙ) বহি:বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা---------- ২৪৪৪ জন।<br>চ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ৪০৪ জন।<br>ছ) ই.পি.আই কভারেজ আগস্ট/২৪ খ্রিঃ মাসে ৮%। এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। | সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৯ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১৫ জন, ইমপ্লান্ট= ৫২ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৪৭ জন, ইনজেকটেবলস= ৫২ জন, কনডম= ৭৯ জন, সাধারন রোগি= ১২৬৪ জন। সিএআর- ৭১.৮৪%। তিনি আরও বলেন, রহিমপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে জরুরি মেরামতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। রহিমপুর ও আলীনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে ভূমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি এবং সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, আলীনগর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং শমশেরণগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে আইপিএস সরবরাহ করা প্রয়োজন মর্মে সভায় জানান। তিনি আরও বলেন, খাবার বড়ি ও কনডম বর্তমানে মজুদ নেই বিধায় আমাদের মাঠ পর্যায়ের কর্মীরা তা সাপ্লাই করতে পারতেছে না। এ বিষয়ে সেবাগ্রহীতা কোন অভিযোগ করলে ইউনিয়ন চেয়ারম্যানসহ স্থানীয় জনপ্রতিনিধিরা বিষয়টি সেবাগ্রহীতাদের অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়া নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা পেতে আইপিএস প্রয়োজন মর্মে সভায় জানান। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে এবং স্বাস্থ্যকেন্দ্রের ভূমি যাতে বেদখল না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে। প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আগস্ট/২০২৪ ইং মাস পর্যন্ত মোট= ২,৮০,৬০,০০০/= ( দুই কোটি আশি লক্ষ ষাট হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ মাসে আদায়যোগ্য ১২৬২০০/-টাকা ও আদায়কৃত ৮১০০০/-টাকা, চলমান আদায়ের হার ৮৪.১৮%। কিস্তি খেলাপী আদায় ০ টাকা। ঋণ খেলাপী আদায় ২২০০/- টাকা । ক্রমপুঞ্জিত আদায়কৃত ২৪০২৯৯২৭/-টাকা । আদায়ের হার ৯১.৩৮%। চলতি অর্থ বছরে, হাঁসমুরগী পালন ,গরু মোটাতাজা করণ বিষয়ে ৪২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । | ঋণ কার্যক্রম ও যুব প্রশিক্ষণ গ্রহণ করে যুবক/যুবতিরা স্বাবলম্বি হচ্ছে কিনা এবং বাস্তবে প্রশিক্ষণ কাজে লাগাচ্ছে কিনা সে বিষয়ে তদারকি নিশ্চিত করে সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আগস্ট/২৪ খ্রি: মাসে ও.এম.এস: কমলগঞ্জ পৌরসভায় ০২টি দোকানে নিম্ন আয়ের মানুষের মাঝে ৫ কেজি চাল (প্রতি কেজি ৩০/- টাকা দরে) এবং ৫ কেজি আটা (প্রতি কেজি ২৪/- টাকা দরে) বিক্রয় কার্যক্রম চলমান। এছাড়া টিসিবির কার্যক্রমে চাল বিক্রয় চলমান। সংগ্রহ : ৪৪/- টাকা দরে সিদ্ধ চাল এবং ৪৩/- টাকা দরে আতপ চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং ওএমএস কার্যক্রম শৃংখলাভাবে সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রমের সাথে সাথে পড়াশোনার ঘাটতি পূরনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, বিদ্যালয়গুলোর মূল্যায়ন পরীক্ষা সম্পন্ন হয়েছে। আগামী ৩০ শে অক্টোবর ফলাফল প্রকাশিত হবে। এছাড়া গত বন্যায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয়কেন্দ্র স্থাপন ও সকলের সহযোগিতায় বন্যা মোকাবেলা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে চালানো হয় সে বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ। |
| ৩.০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও শিক্ষকদের যথোপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা ও | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, |

<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>জন্য সকল প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সরকার কর্তৃক বিনামূল্যে সরবরাহকৃত ফলিক আইরন ট্যাবলেট মেয়ে শিক্ষার্থীদেরকে সেবনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ চলমান আছে।</td><td>ক্ষুদ্র নৃ-গোষ্টি শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম সঠিকভাবে তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, লাঘাটা নদীতে ০২টি কাটিবাঁধ অপসারণ এবং ২৫ জন মৎস্য চাষীকে মাছ চাষের পরামর্শ প্রদান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্রঃনং</th><th>কার্যক্রম</th><th>আগস্ট/২৪ মাসে</th><th>শুরু থেকে এ পর্যন্ত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>১০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠন</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>৭৫০০০/-</td><td>৩৬,৩৬০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>২০০০/-</td><td>৭,৭৫,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>২,২১,০০০/-</td><td>৫,৫৮,৭৮,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য</th><th>আগস্ট/২০ ২৪খ্রি.</th><th>অডিট যোগ্য সমিতি</th><th>আগস্ট/২০ ২৪খ্রি. পর্যন্ত</th><th>আগস্ট/২০২৪ খ্রি. পর্যন্ত</th></tr>
<tr><td>১১০টি</td><td>২৩টি</td><td>০২টি</td><td>০০টি</td><td>২৩টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>আগস্ট/২০২৪খ্রি. পর্যন্ত ধার্যকৃত</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
১। সাধারণ :<br>
(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>
(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,০১৭জন।<br>
(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৬.৯৪ লক্ষ।<br>
(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৪৫.৭৮ লক্ষ।<br>
২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পুরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/- টাকা। অদ্য আগস্ট/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/- টাকা সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। আশ্রয়ণ প্রকল্প ৪র্থ গুচ্ছ গ্রাম ভিত্তিক নতুন সমিতি নিবন্ধন</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>প্রক্রিয়া চলমান ।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৩</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান,<br>
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>আগস্ট/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>২৮৫২</td><td>৪২৯২</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>৪০০০০</td><td>৪৯১০০</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>১৯১০</td><td>৬০৩৫</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১২৩৫৫</td><td>৩৫১২৮</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>২১৬</td><td>৭০৩</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>৭২</td><td>২৭১</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>০৬</td><td>২১</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>-</td><td>১৯২৪</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>২.৬৫</td><td>৬.৭৫</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>৬</td><td>২৯</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>২০৬৫.৯২</td><td>৫৩৬৫.৫১</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৩২.৩৯</td><td>৯৫.৬৩</td></tr>
<tr><td>মাংস উৎপাদন (মেট্রিক টন)</td><td>৬৭৩.৫</td><td>৩৮০১.২৭</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৪</td><td>বন বিভাগ</td><td><u>বন বিভাগ:</u><br>ক) সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, জুলাই-২০২৪ খ্রি: মাসে সেগুন গোল ৫২ টুকরা মোট- ১০৩.৪৫ ঘ.ফুট ও আগর বল্লী ১০টি ১০০.০০ দৈ:ফু:। ইউ.ডি.ও.আর ০৩টি মামলা দায়ের করা হয়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে।<br>সভায় রেঞ্জ বন কর্মকর্তা, বন্যপ্রাণী বিভাগ জানান, বন্যপ্রাণী বিভাগের কালাছড়া বিটের ভেড়াছড়া নামক গ্রামে কিছু কুচক্রি মহল গাছ কাটাসহ বনভূমি দখলের পায়তারা চলছে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কমনা করেন। বন বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। বর্তমান বন্যা পরিস্থিতির কারণে বন থেকে যে কোন বন্যপ্রাণী যেমন সাপ, মেছো বিড়ালসহ অন্যান্য বন্যপ্রাণী বসতবাড়িতে গেলে প্রাণীকে না মেরে বন বিভাগকে খবর দেওয়ার জন্য অনুরোধ করেন। চলমান বন্যা পরিস্থিতির কারনে লাউয়াছড়া পর্যটক সংখ্যা কমে যাওয়ায় রাজস্ব আদায় কমে গেছে মর্মে সভায় জানান।</td><td>ক) অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি।</td></tr>
<tr><td>৩.১৫</td><td>সমাজসেবা বিভাগ</td><td>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আর.এস.এস সুদমুক্ত ঋণ বিনিয়োগ আদায়= ৩০,৪৫০/-টাকা, পুন: বিনিয়োগ=১,৫৩,৪৫০/-টাকা, মাতৃকেন্দ্র বিনিয়োগ আদায়-১৪১৪৩৫/- টাকা, সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ-৪৫টি। এছাড়া জাতীয় সমাজকল্যাণ কমিটি হতে অসহায় ও দুস্থ ছাত্র/ছাত্রী প্রাকৃতিক দূর্যোগ ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে আর্থিক অনুদান প্রদান করা হয়। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে পাঠানো হয় এবং অধিকতর যাচাই বাছাই এর মাধ্যমে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের চিঠি প্রদান করা হয়।</td><td>আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৬</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ জানান যে, বরাদ্দ না থাকায় ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৩-২৪ চক্রের জুলাই/২৪ খ্রি:, আগস্ট/২৪ খ্রি ও সেপ্টেম্বর/২৪ মাসের চালের ডিও জারী করা হয়েছে। উপকারভোগীদের স্ব স্ব হিসাববে সঞ্চয়ের টাকা জমা করত: জমা রশিদ প্রদর্শনপূর্বক চাল বিতরণ করা হচ্ছে। অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ এনজিও "ফেইথ ইন এ্যাকশন" কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অধিদপ্তরের নির্দেশনা না থাকায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের জুলাই/২৪ খ্রি: আগস্ট/২৪ খ্রি: ও সেপ্টেম্বর/২৪ খ্রি: মাসের উপকারভোগী নির্বাচন করা সম্ভব হয়নি। নির্দেশনা পাওয়া মাত্র উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শুরু করা হবে। অন্যান্য নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং ইম্প্রুভ হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১৯০ টি পানির উৎস স্থাপনের কাজের মধ্যে ১৮৫ টি বোরিং এর কাজ সমাপ্ত এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে, ২০২৩-২৪ অর্থ বছরে ২৪ টি পানির উৎস স্থাপনের কাজ সমাপ্ত এবং বিভিন্ন ইউনিয়নে ইম্প্রুভ ল্যাট্রিন স্থাপনের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ৯টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মৃর্তিঙ্গা চা বাগান সপ্রাবি এবং রুপসপুর সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। জিপিএস প্রকল্পভূক্ত প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াশ বেসিন সম্বলিত পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, আগস্ট/২০২৪ খ্রি: মাসের নতুন সংযোগ- ১৭৪ টি, পুন: সুযোগ- ১৮৭ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৬৪৮ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কি:মি:)- ২৪৬ কি: মি:। আগস্ট/২০২৪ খ্রি: মাসে ০৯ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ০৫ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধেও সকলের সহযোগিতা কামনা করেন। জ্বালানী সংকট ও মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি রেশনিং পদ্ধতিতে চালানো হচ্ছে বিধায় লোডশেডিং ০২ ঘন্টা পর পর ০১ ঘন্টা করে হবে। লোড প্রাপ্তি সাপেক্ষে লোডশেডিং এর পরিমাণ কম- বেশী হতে পারে। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারাবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান ও মন্ত্রী মহোদয় বিবৃতি প্রদান করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির এ চরম সংকটে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাট/সামাজিক অনুষ্ঠান সম্পন্নকরণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করেন। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে গ্রাহকদের সচেতন থাকার বিষয়ে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |
| ৩.১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পল্লী সঞ্চয় ব্যাংক:<br><u>আগস্ট/২০২৪খ্রি: মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:</u><br>সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তর্ভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৪০১.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ৮৮৬.৫৫, ঋণ আদায় চলতি বছরে ৮৭৪.৬৫। | শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>০</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>০</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>০</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>০</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৭৫,০০০/-</td><td>১,০৭,০০০/-</td><td>৩৬,৩৬,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>২,০০০/-</td><td>২,০০০/-</td><td>৭,৭৫,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>১৩,০৫,০০০ /-</td><td>১৩,০৫,০০০ /-</td><td>৬,৬৬,১৬,০০০</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>২,২১,০০০/-</td><td>৫,১৩,০০০/-</td><td>৫,৫৮,৭৮,০০০</td></tr>
</table>
এছাড়া ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আদায়ের হার শতভাগ।</td><td>ঋণ বিতরণ ও ঋণ আদায় বিধি মোতাবেক কার্যক্রম চালানোর জন্য উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন রকমের পেয়ারা, বাতাবি লেবু, কাগজি ও পাতিলেবু, শসা, চালকুমড়া, পটল ডাটা, কাঁকরোল ইত্যাদি ফসলের আনুমানিক হিসাব, আউশ ফসলের মূল্য ও উৎপাদন জরিপ, মাসিক কৃষি মজুরি, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগি প্রাক্কলন জরিপ তথ্য প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ১৬ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৬০০ জন, উঠান বৈঠকের সংখ্যা ০৩ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১৫০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০২ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম সাভাবিক ভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবা ও সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের জন্য অণুপ্রাণিত করা হচ্ছে এবং বিনামূল্যে রেজিস্ট্রেশন করে দেয়া হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>১। উপজেলা পরিষদের আবাসিক ভবন-৩ (কৃষ্ণকলি) মেরামতের ব্যয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২। উপজেলা কৃষি কর্মকর্তা জানান, সাম্প্রতিক ভয়াবহ বন্যায় কমলগঞ্জ উপজেলার সবকটি ইউনিয়নের সদ্যরোপিত রোপা আমন ধানের ব্যাপক ক্ষতিসাধিত হয়েছে। কৃষকদের তাৎক্ষনিক পূনর্বাসনের নিমিত্ত বীজতলা তৈরির জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে ক্ষতিগ্রস্থ ৫০০ জন কৃষকদের অনুকূলে বীজধান ২.৫০ টন সহায়তা প্রদান করা হয়েছে। এ খাতে তাৎক্ষনিকভাবে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ব্যয় হয়েছে।</td><td>১। প্রাক্কলন মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (মেরামত/ সংরক্ষণ/রংকরণ) খাত হতে বর্ণিত বাসার ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে ভয়াবহ বন্যার কথা বিবেচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে উক্ত নির্বাহের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ।</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.২৫ | বিবিধ | ক) চেয়ারম্যান, আলীনগর ইউপি জানান, গ্রাম আদালত সেবা জোরদার করার জন্য সংশ্লিষ্ট সহকারীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ করলে ইউনিয়নবাসীরা সহজে সেবা পাবেন। এছাড়া জন্ম নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। | ক) গ্রাম আদালতের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জন্ম নিবন্ধন এর বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কার্যক্রম বাস্তবায়ন করে প্রতিবেদন প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ। |
| | | খ) চেয়ারম্যান, মাধবপুর ইউপি জানান, মাধবপুর ইউনিয়নে পরিবার পরিকল্পনা অফিস নির্মাণের জন্য এনওসি প্রদান করা হয়েছে। এছাড়া বন্যায় মুন্সিবাজার শমশেরনগর, আলীনগর, আদমপুর, মাধবপুর ও ইসলামপুর ইউনিয়নে মাটির রাস্তা, ইট সলিং ও পাকা রাস্তার ব্যাপক ক্ষতিসাধন হয়েছে। উক্ত ইউনিয়নসমূহের ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো মেরামতের বিষয়ে আলোচনা করা হয়। | খ) উক্ত ইউনিয়নগুলোর ক্ষতিগ্রস্থ রাস্তা সংস্কার/ মেরামতের জন্য প্রাক্কলন তৈরি করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| | | গ) চেয়ারম্যান, শমশেরনগর ইউপি জানান, শমশেরনগর বাজারের রাস্তার জায়গা দখল করে রাস্তার পাশে অবৈধ দোকান-পাট গড়ে উঠেছে। এতে জনগনের চলাচল ও যানজটের সমস্যা প্রতিনিয়ত হচ্ছে। সরকারি সার্ভেয়ার দ্বারা জরিপ করে রাস্তার সীমানা নির্ধারন করে দখলমুক্ত করার জন্য সভায় আলোচনা করা করেন। এছাড়া শমশেরনগর সিএনজি স্ট্যান্ডের পার্শ্বে পুরাতন শহীদ মিনার ভেঙ্গে নতুন করে তৈরি করার প্রস্তাব করেন। এছাড়া শমশেরনগর ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন যেকোন সময় ভেঙ্গে পড়ে দূর্ঘটনা ঘটতে পারে। তাই জরাজীর্ণ ভবনটি অপসারনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | গ) শমশেরনগর বাজারের রাস্তার অবৈধ দখল উচ্ছেদের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ ও পুরাতন শহীদ মিনার ও সংশ্লিষ্ট ইউনিয়নের জরাজীর্ণ ভবনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ঘ) চেয়ারম্যান, আদমপুর ইউপি জানান, খাদ্য বিভাগের এন্ট্রি করা কার্ডে উপকারভোগীদের টিপসই/স্বাক্ষর থাকলে নির্ধারিত ব্যক্তি সঠিকভাবে চাল পাবার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ফান্ডে অনেক টাকা রয়েছে। এই টাকাগুলো বিদ্যালয়ের উন্নয়নের কাজে ব্যয় করার বিষয়ে আলোচনা করেন। | ঘ) খাদ্য কর্মসূচির উপকারভোগীর কার্ডের বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কমলগঞ্জ ও মাধ্যমিক বিদ্যালয় গুলোর নিজস্ব ফান্ডের টাকা বিধি মোতাবেক বিদ্যালয়ের উন্নয়নের কাজে ব্যয়ের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভাপতি মহোদয় বলেন, ছাত্র আন্দোলনে দুস্কৃতিকারীরা যে হামলা করেছে তার নিন্দা জানান। তিনি আরও জানান, নিরপেক্ষতা বজায় রেখে সবাইকে কাজ করে যেতে হবে। সভায় আলোচনা প্রাণবন্ত হয়েছে। সে মোতাবেক জবাবদিহিতার মাধ্যমে সকলে সঠিকভাবে দায়িত্ব পালনের আহব্বান জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২।১০।২০২৪

(জয়নাল আবেদীন)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২৪-১০১৯(৪০)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১
০১ অক্টোবর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৫) প্রশাসক, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
০৬) উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৭) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
০৮) জনাব/বেগম--------------------------------------------

০১/১০/২০২৪

(জয়নাল আবেদীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।

উপজেলা পরিষদ সভায় উপস্থিতি-

সভার নাম: সেপ্টেম্বর/২০২৪                Date: ২৯/০৯/২০২৪

| ক্র:নং, | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | | |
| ০২. | জনাব মো: ইফতেখার আহমেদ বদরুল, চেয়ারম্যান, ০১ নং, রহিমপুর ইউনিয়ন | – |
| ০৩. | জনাব আলী আহমদ খান, চেয়ারম্যান, ০২ নং, পতনঊষার ইউনিয়ন | [signature] |
| ০৪. | জনাব শাহিদ আহমেদ তরফদার, চেয়ারম্যান, ০৩ নং, মুন্সিবাজার ইউনিয়ন | [signature] ২৯/৯/২৪ |
| ০৫. | জনাব জুয়েল আহমেদ, চেয়ারম্যান, ০৪ নং, শমশেরনগর ইউনিয়ন | [signature] ২৯/০৯/২০২৪ |
| ০৬. | জনাব মো: আব্দুল জব্বার, চেয়ারম্যান, ০৫ নং, কমলগঞ্জ সদর ইউনিয়ন | [signature] |
| ০৭. | জনাব মো: নিয়াজ মোর্শেদ রাজু, চেয়ারম্যান, ০৬ নং, আলীনগর ইউনিয়ন | [signature] |
| ০৮. | জনাব মো: আবদাল হোসেন, চেয়ারম্যান, ০৭ নং, আদমপুর ইউনিয়ন | [signature] ২৯/০৯/২৪ |
| ০৯. | জনাব মো: আছিদ আলী, চেয়ারম্যান, ০৮ নং, মাধবপুর ইউনিয়ন | [signature] ২৯/০৯/২৪ |
| ১০. | জনাব মো: মুসলিম মিয়া, চেয়ারম্যান, ০৯ নং, ইসলামপুর ইউনিয়ন | [signature] ২৯/৯/২০২৪ |

Date :

| | | |
|---|---|---|
| | দ্বিতীয় [illegible] কর্মকর্তা (?) নাম ও স্বাক্ষর | |
| ১১. | শুভেন্দু কুমার দে, উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ১২. | মোঃ সাইফুল ইসলাম তালুকদার, উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ১৩. | মোছা: রোকসানা খাতুন তালুকদার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] ১৯.০৯.২৪ |
| ১৪. | স্বর্ণালী বিশ্বাস, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র. | [signature] ১৯.০৯.২৪ |
| ১৫ | ডা. তারেক আজিজ রিয়াদ, ভেটেরিনারি সার্জন, . | Reyaz ১৯.০৯.২৪ |
| ১৬ | মো: হাবিবুর রহমান ফিরদৌসী, উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] ১৯.০৯.২৪ |
| ১৭ | শামসুন নাহার, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | [signature] ১৯.০৯.২৪ |
| ১৮ | সামছুন নাহার পারভীন USEO | [signature] 19.09.2024 |
| ১৯ | মোহাম্মদ খায়ের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পরীক্ষা, বিআরডিবি | [signature] ১৯.৯.২৪ |
| 20 | ইমরান আলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা (অবপ্রাপ্ত) | [signature] 19.09.24 |
| ২১ | আতিকুর রহমান (অতিরিক্ত দায়িত্ব) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা. | [signature] 19/09/24 |
| ২২ | সুজন আহমেদ, উপ- সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, | [signature] ১৯/০৯/২৪ |
| ২৩ | মোঃ মারুফ হোসাইন, (UFPO) পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] ১৯/০৯/২৪ |
| 2৪ | ইউসুফ মিয়া USSO | [signature] |
| ২৫ | মোঃ তৌহিদুল ইসলাম রেঞ্জ কর্মকর্তা | [signature] |
| ২৬ | আঙ্গিনা পারভীন (UC) গ্রাম আদালত | [signature] |

CamScanner

Date : ..................................................

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ২৭ | মো: শাহিদুল ইসলাম, রেঞ্জ কর্মকর্তা, বন্যপ্রাণী বিভাগ | [illegible] |
| ২৮ | সাঈদ নাজমুল হাসান – URDO - BRDB | [illegible] |